গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
বাণিজ্য মন্ত্রণালয়
প্রশাসন-৭ শাখা
বাংলাদেশ সচিবালয়,ঢাকা।
www.mincom.gov.bd

নং-২৬.০০.০০০০.০৯২.০৮০.০০২.১৩- ৪০১ তারিখ : ০৯.১১.২০১৬ খ্রি:।

দরপত্র প্রদানের অনুরোধ (RFQ)

বাণিজ্য মন্ত্রণালয়ের বিভিন্ন দপ্তর/শাখায় স্থাপিত কম্পিউটার, ইন্টারনেট মেরামত এবং ওয়েবসাইট Maintenance এর জন্য স্থানীয় ঠিকাদারী/সরবরাহকারী/প্রতিষ্ঠানের নিকট হতে নিম্নবর্ণিত শর্তসাপেক্ষে সীলমোহরযুক্ত অনুরোধ জ্ঞাপনপত্র (RFQ) আহবান করা যাচ্ছে।

২.০। বাণিজ্য মন্ত্রণালয়ের কক্ষ নং-২৩, ভবন নং-৩, প্রশাসন-৭ শাখা হতে বিনা মূল্যে দরপত্র ফরম সংগ্রহ করা যাবে এবং এ বিষয়ে জনাব দীন মোহাম্মদ, প্রশাসনিক কর্মকর্তা (মোবাইল: ০১৫৫২৪৪৪৯৯৬) এর নিকট থেকে বিস্তারিত তথ্য জানা যাবে।

৩.০। আগামী ২২-১১-২০১৬ তারিখ- বেলা : ১২.০০ ঘটিকা পর্যন্ত সিনিয়র সহকারী সচিব (প্রশাসন-৭ শাখা), কক্ষ নং-২৩, ভবন নং-৩, বাংলাদেশ সচিবালয়, ঢাকায় প্রাপ্তি স্বীকারের মাধ্যমে অনুরোধ জ্ঞাপনপত্র (RFQ) এর আবেদনপত্র সংগ্রহ করা যাবে।

৪.০। শর্তসমূহ :

১। সরবরাহকারী প্রতিষ্ঠান কর্তৃক প্রদত্ত একক দর গৃহীত হলে তা ক্রয় আদেশে উল্লেখিত সময় পর্যন্ত বলবৎ থাকবে।

২। প্রেরিত Quotation নিম্নস্বাক্ষরকারীর অফিসে অথবা সচিবালয় ২নং গেটে রক্ষিত দরপত্র বাক্স আগামী ২২-১১-২০১৬ তারিখে: বেলা ১.০০ ঘটিকার মধ্যে পৌঁছাতে হবে। উল্লেখিত সময়ের পর কোন দরপত্র গ্রহণ করা হবে না।

৩। সরবরাহকারি প্রতিষ্ঠান কর্তৃক উদ্বৃত/প্রদত্ত দর, কোটেশন দাখিলের সর্বশেষ তারিখের পরবর্তী ৩০ (ত্রিশ) দিন পর্যন্ত বলবৎ থাকবে।

৪। প্রদত্ত Quotation সরবরাহকারী প্রতিষ্ঠানের ক্ষমতাপ্রাপ্ত প্রতিনিধি কর্তৃক স্বাক্ষরিত হতে হবে।

৫। একক মূল্য এবং মোট মূল্যের যোগফলে কোনরূপ গড়মিল থাকলে Quotation মূল্যায়ন ও পরবর্তী ক্রয় আদেশে একক মূল্য বলবৎ থাকবে।

৬। দরপত্র দাতাকে একটি সীলগালা করা খামের উপরে সুস্পষ্টভাবে "RFQ" শব্দটি লিখে কোটেশন দাখিল করতে হবে।

৭। মন্ত্রণালয়ের আইটি ইনচার্জের অধীনে ওয়েবসাইট সংক্রান্ত সকল কাজ পরিচালিত হবে।

৮। সরবরাহ/সেবা প্রদানকারী প্রতিষ্ঠানকে কম্পিউটার/আইটি/ওয়েবসাইট সংক্রান্ত ব্যবসার স্বপক্ষে ট্রেড লাইসেন্স দাখিল করতে হবে।

৯। সরবরাহ/সেবা প্রদানকারী প্রতিষ্ঠানের আইটি/ওয়েব বিশেষজ্ঞ থাকতে হবে এবং দরপত্রের সাথে তাঁর বায়োডাটা দাখিল করতে হবে।

১০। সরবরাহ/সেবা প্রদানকারী প্রতিষ্ঠানকে ২৪/৭/৩৬৫ দিন সরাসরি ও ভায়া/অনলাইন সেবা এবং প্রতি কর্মদিবসে কর্মঘন্টায় সার্বক্ষণিক লোকাল সাপোর্ট দিতে হবে।

অপর পৃষ্ঠায় দ্রষ্টব্য

১১। মন্ত্রণালয়ের দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তার সহায়তায় প্রতিদিন ওয়েব সাইট আপডেট করতে হবে। প্রয়োজন অনুযায়ী কর্তৃপক্ষের নির্দেশনুযায়ী ওয়েব ডিজাইন পরিবর্তন করতে হবে।

১২। ফায়ার ওয়াল, রাউটার, সুইচসমূহ, ওয়ারল্যাস ও স্প্যাম/কনটেন্ট ফিলটারিং সার্ভারসসহ নেটওয়ার্ক ডেভাইসের অদম্য সেবা প্রদান ও পর্যবেক্ষণ করতে হবে।

১৩। সার্বক্ষনিক টেলিফোন এবং ইন্টারনেট সেবা নিশ্চিত করতে হবে।

১৪। কোন কারণ দর্শানো ব্যতিরেকে যে কোন দরপত্র গ্রহণ বা বাতিলের ক্ষমতা কর্তৃপক্ষ সংরক্ষণ করেন।

(মিরাজুল ইসলাম উকিল)
সিনিয়র সহকারী সচিব
ফোনঃ ৯৫৪৫০৯৫
E-mail: sas.admn7@mincom.gov.bd

বিতরণ :-

১। জনাব মোঃ আওলাদ হোসেন, সহকারী পরিচালক, ডব্লিউটিও সেল, বাণিজ্য মন্ত্রণালয়, ঢাকা (মন্ত্রণালয়ের ওয়েব সাইটে প্রকাশের জন্য অনুরোধ করা হলো)।

২। নোটিশ বোর্ড, বাণিজ্য মন্ত্রণালয়, ঢাকা।

৩। নোটিশ বোর্ড, সচিবালয় সকল গেইট।

৪। প্রধান হিসাব রক্ষণ কর্মকর্তা, বাণিজ্য মন্ত্রণালয়, ৮৩/বি, নিউ সার্কুলার রোড, মালিবাগ মোড়, ঢাকা। বহুল প্রচারের নিমিত্ত নোটিশটি নোটিশ বোর্ডে টানানোর প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুরোধ করা হলো।

Request For Quotation

নং-২৬.০০.০০০০.০৯২.০৮০.০০২.১৩- ৪০৯

ইস্যুর তারিখ :

বিষয়ঃ বাণিজ্য মন্ত্রণালয়ের বিভিন্ন দপ্তর/শাখায় স্থাপিত কম্পিউটার, ইন্টারনেট মেরামত এবং ওয়েবসাইট Maintenance প্রসঙ্গে।

বাণিজ্য মন্ত্রণালয়ের বিভিন্ন দপ্তর/শাখায় স্থাপিত কম্পিউটার, ইন্টারনেট মেরামত এবং ওয়েবসাইট Maintenance করার লক্ষ্যে Quotation দাখিলের অনুরোধ করা হলোঃ

প্রতিষ্ঠানের নামঃ .....

ঠিকানাঃ .....

ইস্যুকারী অফিসার

০৯-১১-১৩